

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 31-10-2025

Time: 1.40 P.M.

বিকশিত ভারতের স্বন্ধ পূরণে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে নাগরিকদের এক্যবন্ধ হওয়ার এবং দেশ সেবায় নিজেদের নিয়োজিত করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গুজরাটের কেওয়াড়িয়ার একতানগরে সর্দার বল্লভ ভাই প্যাটেলের সার্ধশত জন্মবার্ষিকীতে জাতীয় একতা দিবসের অনুষ্ঠানে তিনি বলেন, সরকার নক্তালবাদ এবং মাওবাদী সন্ত্রাস নির্মূলে এক শক্তিশালী পদক্ষেপ নিয়েছে। দেশকে দুর্বল করে তোলে এমন যেকোন চিন্তা পরিত্যাগ করার আবেদন জানান তিনি। শ্রী মোদী বলেন, স্বাধীনতার পর ১৫০-টি দেশীয় রাজ্যকে একত্রিত করার অসাধ্য সাধন করে বল্লভ ভাই প্যাটেল এক ভারত - শ্রেষ্ঠ ভারতের ভাবনাকে উজ্জ্বলিত করেছিলেন।

(বাইট - প্রধানমন্ত্রী)

জাতীয় একতা দিবস উপলক্ষ্যে দিল্লির ধ্যানচাঁদ জাতীয় স্টেডিয়াম থেকে 'একতা দৌড়' বা রান ফর ইউনিটি-র সূচনা করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস আজ সর্দার বল্লভ ভাই প্যাটেলের সার্ধশত জন্ম বার্ষিকীতে তাঁর প্রতি বিন্দু শুন্দা নিবেদন করেছেন। এক বার্তায় রাজ্যপাল বলেন, ভারতের এক্য, অখণ্ডতা ও বৈচিত্র্যের মধ্যে একতা রক্ষার বার্তা বহণকারী

বল্লভ ভাই প্যাটেলের স্মৃতিতে শন্দা জানাতে আজ জাতীয় একতা দিবস পালিত হচ্ছে। লৌহমানবের প্রতি শন্দার নির্দশন হিসেবে তিনি একতা অ্যাওয়ার্ড অফ এক্সিলেন্সের প্রবর্তন করেছেন। একই সঙ্গে রাজভবনে থ্রোণ রুমের নাম পরিবর্তন করে সর্দার প্যাটেল একতা হল রাখা হয়েছে বলেও রাজ্যপাল উল্লেখ করেছেন।

দিনটি উপলক্ষে সর্দার প্যাটেলের প্রতি শন্দা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও।

লৌহ মানব সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মদিন উপলক্ষে সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ বিজেপির পক্ষ থেকে রান ফর ইউনিটির আয়োজন করা হয়।

কলকাতায় দলের সদর কার্যালয় থেকে রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এই একতা দৌড়ের সূচনা করেন। তিনি বলেন, সর্দার প্যাটেল কোন আন্তর্জাতিক চক্রান্তের কাছে নতি স্বীকার না করে দেশকে অখণ্ড রেখেছেন।

অন্যদিকে কাঁথিতে এই উপলক্ষে রান ফর ইউনিটি কর্মসূচিতে অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকেও সর্দার প্যাটেলের প্রতি গভীর শন্দা নিবেদন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

উচ্চ-মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ফল আজ প্রকাশিত হয়েছে। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য আজ এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, পরীক্ষার ৩৯ দিনের মাথায় এই ফল প্রকাশ করা হলো। সেপ্টেম্বর মাসের ৮ থেকে ২২ তারিখ পর্যন্ত এই পরীক্ষা নেওয়া হয়। মোট পরীক্ষার্থীর সংখ্যা ৬ লক্ষ ৬০ হাজার ৩৪৩ জন। পাশের হার ৯৩ দশমিক সাত দুই শতাংশ। ২০১১ সালের পর থেকে এই হার সর্বোচ্চ বলে তিনি জানান। জেলার নিরিখে দক্ষিণ ২৪

পরগনা রয়েছে শীর্ষে। সেখানে পাশের পার ৯৬ দশমিক পাঁচ নয় শতাংশ। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে নদীয়া ও হাওড়।

প্রথম ১০-এর মেধা তালিকায় রয়েছেন ৬৯ জন। যুগ্মভাবে প্রথম হয়েছেন দু-জন। প্রীতিম বল্লভ ও আদিত্য নারায়ণ জানা। দু-জনেই পুরুলিয়া রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠের ছাত্র। শতাংশের নিরিখে এরা পেয়েছেন - ৯৮ দশমিক নয় সাত শতাংশ নম্বর। দ্বিতীয় স্থানে রয়েছে ১০ জন।

(বাইট - চিরঞ্জীব)

দুপুর দুটো থেকে অনলাইনে রেজাল্ট জানতে পারবেন পরীক্ষার্থীরা। result.wb.gov.in এবং www.results.shiksha ওয়েবসাইটে ফলাফল জানা যাবে। স্কুল কর্তৃপক্ষ রেজাল্টের স্টেটমেন্ট ডাউনলোড করে পরীক্ষার্থীদের দিতে পারবে।

০০০০০০০০০০০০০০০০০০০

আদালতের নজরদারিতে এস আই আর প্রক্রিয়ার আবেদন করে, কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে। আবেদনকারীর দাবি এস আই আর-এর কি প্রয়োজন রয়েছে তা বিস্তারিতভাবে আদালতের কাছে জানানো হোক। ভারতের নির্বাচন কমিশন এই তথ্য দেওয়ার পাশাপাশি ২০০২-এর ভোটার তালিকা যাতে সম্পূর্ণভাবে প্রকাশ করে, সেই আবেদনও জানানো হয়েছে। এস আই আর-এর সময়সীমা ৩১-শে জানুয়ারী পর্যন্ত বাড়ানো ছাড়াও আদালতের তত্ত্বাবধানে গোটা প্রক্রিয়া চালিয়ে যাওয়ার আবেদন করা হয়েছে। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ মামলা দায়েরের অনুমতি দিয়েছেন। আগামী সপ্তাহে মামলার শুনানি হতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০

চলতি বছরে রাজ্য সরকার, ডেঙ্গি দমনে ৭৫০ কোটি টাকা খরচ করছে। এক্ষেত্রে এক বার্তায় স্বাস্থ্যদণ্ডের তরফে এই খবর জানানো হয়েছে। তারা জানিয়েছে, ডেঙ্গি মোকাবিলায় সবসুন্দর প্রায় এক লক্ষ স্বাস্থ্যকর্মী নিয়োজিত রয়েছেন। চারশোর বেশি সরকারি কেন্দ্রে নির্ধারিত ডেঙ্গু পরীক্ষা এবং চিকিৎসা হচ্ছে। ৮৯টি সরকারি ব্লাড ব্যাংক থেকে মিলছে প্লেটলেট।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পুলিশের কাজের গতি, স্বচ্ছতা ও প্রযুক্তিনির্ভর দক্ষতা আরও বাড়াতে রাজ্য পুলিশ কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স সেল গঠন করছে। রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার এই মর্মে নির্দেশিকা জারি করেছেন। নির্দেশিকায় বলা হয়েছে, এই আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স সেলের প্রধান হিসেবে থাকবেন একজন অতিরিক্ত মহানির্দেশক পদমর্যাদার আধিকারিক। তাঁর অধীনেই কাজ করবে গোটা সেল। পাশাপাশি সদস্য হিসেবে একজন আইজি, ডিআইজি বা এসপি পদমর্যাদার আধিকারিক থাকবেন, যাঁরা সেলের কাজের সমন্বয়, নথিপত্র রক্ষণাবেক্ষণ ও তদারকির দায়িত্বে থাকবেন।

এই সেলে কারিগরি সহায়তার জন্য দু'জন প্রযুক্তি বিশেষজ্ঞ নিয়োগ করা হবে, যাঁরা কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ ও মতামত দেবেন। প্রয়োজনে অতিরিক্ত বিশেষজ্ঞ ও রিসোর্স পারসন নিয়োগেরও অনুমতি দেওয়া হয়েছে।

ডিজি রাজীব কুমারের জারি করা নির্দেশিকায় বলা হয়েছে, এই এআই সেল রাজ্যের পুলিশের নোডাল ইউনিট হিসেবে কাজ করবে। এর লক্ষ্য পুলিশের প্রশাসনিক এবং প্রযুক্তিগত কাজকর্মে কৃত্রিম বুদ্ধিমত্তার সঠিক ব্যবহার, সমন্বয় ও বাস্তবায়ন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মোহনবাগান সুপার জায়ান্টস ও ইস্টবেঙ্গল আজ সুপার কাপ ফুটবলের গুরুত্বপূর্ণ ম্যাচে মুখোমুখি হবে। গোয়ার ফতোরদা স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মোহনবাগান ও ইস্টবেঙ্গল দুটি দলই দু ম্যাচে চার পয়েন্ট করে সংগ্রহ করেছে। তবে গোল পার্থক্যে ইস্টবেঙ্গল এগিয়ে থাকায় সুবিধাজনক অবস্থায় রয়েছে।

ব্যাস্তিলনে বিকেল সাড়ে চারটায় গ্রুপ-এ-র অন্য ম্যাচে ডেমপো স্পোর্টস ক্লাব, চেনাইইন এফ সি, র মুখোমুখি হবে।